গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্কার শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২০.১৮৯ তারিখ: ১৩ কার্তিক ১৪২৭
২৯ অক্টোবর ২০২০

বিষয়: **উত্তম চর্চার তালিকা প্রেরণ।**

উপর্যুক্ত বিষয় নির্দেশিত হয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ মোতাবেক উত্তম চর্চার তালিকা নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (০৯ পাতা)।

২৯-১০-২০২০
মহ: আব্দুর রশিদ মোল্লাহ
সহকারী সচিব
ফোন: +৮৮-০২-৯৫৪০১৬৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১২২৮৬
ইমেইল: reform_sec@mora.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা]।

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২০.১৮৯/১(৯) তারিখ: ১৩ কার্তিক ১৪২৭
২৯ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা।
২) ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৩) পরিচালক, হজ অফিস, ঢাকা।
৪) সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৫) সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬) সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৭) সচিব, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৮) যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯) অফিস কপি/মাস্টার ফাইল।

২৯-১০-২০২০
মহ: আব্দুর রশিদ মোল্লাহ
সহকারী সচিব


## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
### উত্তম চর্চার তালিকা, ২০২০-২০২১

১। **দুঃস্থদের সহায়তার জন্য অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণ**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রতি অর্থবছর দুঃস্থ ব্যক্তিদের পুনর্বাসনে অনুদান প্রদান করা হয়ে থাকে। দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং G২P পদ্ধতিতে উপকারভোগীর ব্যাংক হিসেবে EFT (Electronic Fund Transfer) অথবা মোবাইলে MFS (Mobile Financial Services)এর মাধ্যমে অনুদান প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। **২০২০ সালের নিবন্ধিত হজযাত্রীদের আবেদনের ভিত্তিতে নিবন্ধন বাতিল (নিবন্ধন রিফান্ড) প্রক্রিয়া সহজিকরণ**

২০২০ সালের নিবন্ধিত হজযাত্রীদের আবেদনের ভিত্তিতে নিবন্ধন বাতিল (নিবন্ধন রিফান্ড) প্রক্রিয়া সহজিকরণ করা হয়েছে। হজযাত্রী অথবা হজযাত্রী সংশ্লিষ্ট হজ এজেন্সি এই লিংকের মাধ্যমে https://prp.pilgrimdb.org/refund-reg/new-application অনলাইনে আবেদনের মাধ্যমে তাঁর হজ-২০২০ এর নিবন্ধন বাতিল করতে পারেন। অনলাইনে আবেদনের প্রেক্ষিতে পরবর্তীতে তা অনলাইনেই সুপারিশ এবং মন্ত্রণালয় থেকে অনুমোদনের ভিত্তিতে ব্যাংক তা হজযাত্রী বা সংশ্লিষ্ট হজ এজেন্সির ব্যাংক একাউন্টে EFT/Pay Order এর মাধ্যমে কোন প্রকার অর্থ কর্তন ব্যতিরেকে প্রদান করে থাকে এবং তা চলমান রয়েছে। এর ফলে একজন হজযাত্রী খুব সহজে তাদের নিবন্ধন বাতিল (নিবন্ধন রিফান্ড) করতে পারছেন এবং সমুদয় অর্থ ফেরত পাচ্ছেন।




৩। **ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে e-Recruitment পদ্ধতি চালুকরণ**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত পদে নিয়োগের লক্ষ্যে টেলিটক এর কারিগরি সহায়তায় অনলাইনে দরখাস্ত আহবান করা হয়। ই-রিক্রুটমেন্ট সিস্টেমের মাধ্যমে আবেদনকারী থেকে অনলাইনে আবেদন এবং পরীক্ষার ফি গ্রহণ করা হয়ে থাকে। আবেদনকারী ব্যাংকে না গিয়ে মোবাইলের মাধ্যমে (টেলিটক) পরীক্ষার ফি প্রদান করেছেন। অনলাইনে আবেদন গ্রহণের কারণে মন্ত্রণালয় থেকে বিপুল পরিমান

মহঃ আব্দুর রশিদ মোল্লাহ

আবেদনকারীর তথ্য ম্যানুয়ালি এন্ট্রি করতে হয়নি এবং আবেদনকারী থেকে আবেদন গ্রহণ করার কারণে ডাটা এন্ট্রিগত ভুল হবার সম্ভাবনা নেই। পূর্বের প্রক্রিয়ায় সকল আবেদনকারীর তথ্য ম্যানুয়ালি এন্ট্রির পর প্রবেশপত্র প্রিন্ট করে ডাকযোগে আবেদনকারীর ঠিকানায় প্রেরণ করা হত। ই-রিক্রুটমেন্ট সিস্টেমে আবেদনকারী নিজেই অনলাইন থেকে প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করতে পারবেন। সিস্টেমের মাধ্যমে সিটপ্ল্যান তৈরি এবং স্বয়ংক্রিয় পরীক্ষার হাজিরা শিট তৈরি করা সহজ হবে। এছাড়াও এসএমএস এর মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীকে ফলাফল জানানো যাবে।

৪। **হজ ব্যবস্থাপনায় এজেন্সির ই-প্রোফাইল ম্যানেজমেন্ট {(এজেন্সির বিস্তারিত তথ্য (ফরম-২৫) আবেদন ফরম, নিবন্ধন/নবায়ন এবং আনুষঙ্গিক অনলাইন প্রোফাইল ম্যানেজমেন্ট}**

বেসরকারি ব্যবস্থাপনায় হজ কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদিত হজ এজেন্সির বিস্তারিত প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুত এর কাজ চলমান রয়েছে। উক্ত সিস্টেমে হজ এজেন্সির স্বত্বাধিকারী/মালিক তার এজেন্সির যাবতীয় তথ্য (ফরম-২৫) পূরণ করে এবং প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করে (ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, সিভিল এভিয়েশন সনদ, অফিস ভাড়া চুক্তিপত্র/মালিকানা দলিল ইত্যাদি) হজ ব্যবস্থাপনা সিস্টেমে সাবমিট করবেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুমোদিত ব্যবহারকারী সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে যাবতীয় ডকুমেন্ট যাচাই-বাছাই করে তা সুপারিশ করবে এবং মন্ত্রণালয়ের একজন অনুমোদনকারী তা অনুমোদন করবেন। এছাড়াও উক্ত প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেমে এজেন্সির নিবন্ধন/নবায়ন, বিগত বছরগুলোতে হজ কার্যক্রমের তথ্য, প্যাকেজ, শাস্তির তথ্যসহ প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে। অধিকন্তু, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ট্রাভেল এজেন্সি ডাটাবেজের সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ এজেন্সির প্রোফাইল ম্যানেজমেন্ট ডাটাবেজের আন্তঃসংযোগের (Integration) কার্যক্রম চলমান রয়েছে, যা সম্পন্ন হলে হজ এজেন্সি কতৃক ফরম-২৫ এ প্রদানকৃত ট্রাভেল লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ট্রাভেল এজেন্সির ডাটাবেজ থেকে পাওয়া যাবে।

মহঃ আব্দুর রশিদ মোল্লাহ
সহকারী সচিব (সংস্কার)

বিষয়ঃ উত্তম চর্চা (Best Practices) বিষয়ক প্রতিবেদন।

## উত্তম চর্চার শিরোনামঃ

(১) সুসজ্জিত ও দৃষ্টিনন্দন অফিস প্রাঙ্গন তৈরী

**উত্তম চর্চার বিবরণঃ-** অফিসকে পরিস্কার-পরিচ্ছন্নতা রাখা অনেকটা কর্মকর্তা ও কর্মচারীরদের মনোভাবের ওপর নির্ভর করে। অফিসের মধ্যে এমন কিছু স্থান রয়েছে যেমন- নামাযের স্থান, ওযু খানা, খাবার টেবিল, বাথরুম, করিডোর, ভেন্টিলেটর ইত্যাদি সুস্বাস্থ্যের জন্য পরিস্কার-পরিচ্ছন্ন রাখা আত্যাবশ্যক। ইসলাম ধর্মে পরিস্কার-পরিচ্ছন্নতার উপর বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। হযরত আবু মালেক আশআরি (রা:) থেকে বর্ণিত, রাসূল (সা:) বলেন, 'পরিস্কার-পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ'। উক্ত হাদীসের মর্ম অনুধাবন করে এবং সুস্বাস্থ্যের জন্য অফিসের বিভিন্ন স্থানে জমে থাকা শেওলা এবং ছত্রাক, গজিয়ে ওঠা ছোট বড় আগাছা পরিস্কার করে অফিসকে সুসজ্জিত ও দৃষ্টিনন্দন করা সম্ভব হয়। এছাড়াও অফিসের ফাইল পত্র সুসজ্জিতভাবে আলমারীতে রাখা, আসবাব পত্র ও আলমারীর শেলফে জমে থাকা ধূলাবালি পরিস্কার করাসহ বৃক্ষরোপন কর্মসুচি বাস্তবায়ন করা হচ্ছে।

(২) মহামারির সংক্রমন রোধে গৃহিত কার্যক্রম

**উত্তম চর্চার বিবরণঃ-** কোভিড-১৯ সংক্রমন থেকে রক্ষা পাওয়ার জন্য স্বাস্থ্যবিধি যথাযথভাবে পালনের জন্য সবাইকে উদ্বুদ্ধ করা হচ্ছে। এসকল কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে : সার্বক্ষনিক মাস্ক ব্যবহার করা, নিয়মিত হ্যান্ড স্যানিটারাইজ দ্বারা হাত পরিস্কার করা, অফিসের প্রবেশ পথে জীবাণুনাশক টানেল (Disinfection tunnel) স্থাপন ইত্যাদি।

(৩) বিদ্যুৎ সাশ্রয়ী পদক্ষেপ গ্রহন

**উত্তম চর্চার বিবরণঃ-** ইসলামিক ফাউন্ডেশনের সকল কর্মকর্তা/কর্মচারী অফিস কক্ষে বিদ্যুৎ সাশ্রয়ী ও বৈদ্যুতিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে অফিস ছুটির সময় ও বন্ধের দিনে এসি, ফ্যান, লাইট, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ইউপিএস ইত্যাদি সকল বৈদ্যুতিক সরঞ্জামাদি বন্ধ রাখা এবং তা নিশ্চিত করনের লক্ষে কর্মকর্তাগণ যথারীতি সচেতন রয়েছেন অথবা সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে তদারকি করা হয়ে থাকে। যার ফলে অত্র অফিসের বিদ্যুৎ সাশ্রয় করা সম্ভব হচ্ছে।

(৪) সোস্যাল মিডিয়ার মাধ্যমে নাগরিক সেবা প্রদান

**উত্তম চর্চার বিবরণঃ-** সোস্যাল মিডিয়া বা সামাজিক যোগাযোগ মাধ্যম আমাদের আধুনিক জীবনে এক নতুন বাস্তবতা। ইন্টারনেটের কল্যাণে সামাজিক যোগাযোগের মাত্রা অতীতের তুলনায় অনেকগুণ বেড়েছে। সামাজিক যোগাযোগের ওয়েবসাইটগুলো মানবীয় যোগাযোগের সর্বাধুনিক পদ্ধতি হিসেবে বিবেচিত হচ্ছে। এ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে যে কোনো ব্যক্তি তথ্য, মতামত, ছবি, ভিডিও ইত্যাদি আদান-প্রদান করতে পারে। ইসলামিক ফাউন্ডেশন সোস্যাল মিডিয়ার মাধ্যমে বিভিন্ন জনকল্যাণমূলক কাজ সাধন করে থাকে। চাঁদ দেখা সংক্রান্ত খবর প্রকাশ এবং জাতীয় গুরুত্ব পূর্ণ কার্যক্রমের ভিডিও চিত্র প্রচার উল্লেখযোগ্য কার্যাদির মধ্যে অন্যতম।

(৫) জুম মিটিং এবং ওয়েবিনার-এর মাধ্যমে যোগাযোগ স্থাপন

**উত্তম চর্চার বিবরণঃ** জুম মিটিং এবং ওয়েবিনার যোগাযোগ স্থাপনের একটি অন্যতম মাধ্যম। ইসলামিক ফাউন্ডেশনের ৮ টি বিভাগীয় কার্যালয়, ৭টি ইমাম প্রশিক্ষন কেন্দ্র, ৫২টি ইসলামিক মিশন কেন্দ্রের সাথে সরাসরি যোগাযোগ এবং প্রধান কার্যালয় থেকে মহাপরিচালক মহোদয় একসাথে যোগাযোগ করতে পারেন। এছাড়াও প্রতিটি সরকারি দপ্তর সমূহে যোগাযোগ স্থাপনের জন্যও জুম মিটিং এবং ওয়েবিনার ব্যবহৃত হচ্ছে।

(৬) অভিযোগ বক্স চালু করণ

**উত্তম চর্চার বিবরণঃ-** অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System) সংক্ষেপে **জিআরএস** (GRS), মূলত বিভিন্ন সরকারি দপ্তরকর্তৃক প্রদানকৃত সেবা নিশ্চিতকরণের একটি প্ল্যাটফর্ম। এটি চালুকরণের মাধ্যমে মানুষ তাদের পরামর্শ, মতামত, কোন সেবা বিষয়ে তাদের অভিজ্ঞতা উক্ত প্রতিষ্ঠানের প্রধানকে জানান দিতে পারছে যাতে উক্ত

আনিস মাহমুদ
অতিরিক্ত সচিব
মহাপরিচালক

প্রতিষ্ঠানকে উক্ত সেবার ভুলগুলো শোধরানোর সুযোগ তৈরী হয়ে সেবাটি মানুষের কাছে আরও সুন্দর করে মানু[illegible] পৌছানো সহজতর হয়। ইসলামিক ফাউন্ডেশন উক্ত কার্যক্রম কে অনুধাবন করে প্রধান কার্যালয়ের ২য় তলায় অভি[illegible] প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System) সম্পর্কিত একটি বক্স স্থাপন করেছে, যার মাধ্যমে ইসলামিক ফাউন্ডেশন সম্পর্কে জনগন তাদের পরামর্শ, মতামত, কোন সেবা বিষয়ে তাদের অভিজ্ঞতা প্রদান করতে পারছে।

(৭) <u>ওয়েব সাইট হালনাগাদ করণ</u>

**উত্তম চর্চার বিবরণঃ-** ওয়েবসাইটের মাধ্যমে জনগণ সকল সুবিধা তাদের হাতের নাগালের মাঝে পেয়ে যাচ্ছে। ইসলামের প্রচার ও প্রসারে ওয়েবসাইট গুরুত্তপুর্ন ভূমিকা পালন করছে। ওয়েব সাইটের মাধ্যমে ইসলামিক ফাউন্ডেশনের যাবতীয় তথ্য বিশ্বের সকল প্রান্ত হতে সকল মানুষ সহজেই জানতে পারছে।

**(৮) কল সেন্টারের মাধ্যমে ইসলামিক তথ্য সেবা প্রদান**

**উত্তম চর্চার বিবরণঃ-** ইসলামের প্রচার-প্রসারের লক্ষ্যে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালের ২২ মার্চ এক অধ্যাদেশবলে ইলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। সুপ্রাচীনকাল থেকে এ দেশে ইসলামী আদর্শ ও মূল্যবোধের লালন ও চর্চা হয়ে আসছে। ইসলামের এই সমুন্নত আদর্শ ও মূল্যবোধের প্রচার ও প্রসার কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন সেল ফোনের মাধ্যমে ইসলামিক তথ্য সেবা প্রদানের জন্যে ৪টি প্রতিষ্ঠানকে অনুমতি প্রদান করেছে। উক্ত ৪টি প্রতিষ্ঠান ইসলামিক ফাউন্ডশন কর্তৃক মনোনীত বিজ্ঞ আলেমগণের মাধ্যমে ইসলাম সম্পর্কিত সকল প্রশ্নের উত্তর প্রদান করে থাকে।

**(৯) ইমামদেরকে প্রশিক্ষণের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি**

**উত্তম চর্চার বিবরণঃ-** ইমাম প্রশিক্ষণ একাডেমী ইসলামিক ফাউন্ডেশনের অন্যতম একটি বিভাগ। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, দিনাজপুর ও সিলেট বিভাগের ৭টি কেন্দ্রের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের মসজিদের সম্মানীত ইমাম ও মুয়াজ্জিনগণকে ইসলামের মৌলিক বিষয় সম্পর্কে জ্ঞান দানের পাশাপাশি গণশিক্ষা, পরিবার কল্যাণ, কৃষি ও বনায়ন, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও প্রাথমিক চিকিৎসা এবং সমাজে শান্তি ও নিরাপত্তা বজায় রাখার বিষয়ে ইমামদের প্রশিক্ষিত করে আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার কাজ ইমাম প্রশিক্ষণ একাডেমীর মাধ্যমে পরিচালিত হচ্ছে।

(১০) **প্রেস রিলিজ তৈরী করণ**

**উত্তম চর্চার বিবরণঃ-** সংবাদ প্রচার ও প্রসারের মাধ্যমে একটি প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে জানা যায়। ইসলামিক ফাউন্ডেশন প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে হিজরি সনের চাঁদ দেখার সংবাদ, নামাজ ও ইফতারের সময়সূচি, ফিতরা ও ইসলামি পর্বের তালিকা, জাতীয় ও ধর্মীয় দিবসসমূহ ও অন্যান্য জাতীয় জনকল্যাণমূলক বিষয় সম্পর্কে জনসাধারণকে এ প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে ধারণা দিয়ে থাকে।

(১১) <u>সিডিউল ও পূর্ব পরিকল্পনা অনুযায়ী মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন</u>

**উত্তম চর্চার বিবরণঃ** ইসলামিক ফাউন্ডেশন দেশের ৬৪ টি জেলা কার্যালয়ের মাধ্যমে ইসলামের প্রচার ও প্রসারের কাজ করে আসছে। উক্ত কার্যক্রম পরিদর্শনের জন্য মহাপরিচালক মহোদয় পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন সময়ে বিভিন্ন জেলা পরিদর্শন করে থাকেন। এছাড়াও দেশের ৮ টি বিভাগীয় কার্যালয়ের পরিচালকগণ পূর্ব পরিকল্পনা অনুযায়ী তাদের আওতাধীন জেলাসমূহ পরিদর্শন করে থাকেন।

আনিস মাহমুদ
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

**যথাসময়ে অফিসে উপস্থিত হওয়া এবং অফিস শেষ হওয়ার পূর্বে অফিস ত্যাগ না করা নিশ্চিতকরণে ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রর্বতন**

**উত্তম চর্চার বিবরণঃ** যথাসময়ে অফিসে উপস্থিত থাকা উত্তম চর্চার অন্যতম অংশ । অফিসের নির্ধারিত সময় ৯.০০ টায় অফিসে প্রবেশ এবং ৫:০০ টায় অফিস ত্যাগ। এই সময় ব্যাতিত কোনো জরুরী প্রয়োজনে যেতে হলে কর্মকর্তা-কর্মচারীগণ তাঁর উর্ধতন কর্মকর্তাকে অবহিত করে এবং অফিসের প্রটোকলসমূহ অনুসরণ করে অফিস ত্যাগ করেন। এছাড়াও যথাসময়ে অফিসে উপস্থিত হওয়া এবং অফিস শেষ হওয়ার পূর্বে অফিস ত্যাগ না করা নিশ্চিতকরণে সম্প্রতি ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রর্বতন করা হয়েছে।

**(১২)মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষার কেন্দ্র এবং মসজিদ পাঠাগার পরিদর্শন**

**উত্তম চর্চার বিবরণঃ** মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প ইসলামিক ফাউন্ডেশন এর অন্যতম গুরুত্বপূর্ণ একটি বৃহৎ প্রকল্প। এ প্রকল্পের আওতায় মসজিদের ইমামগণ মসজিদে শিশু ও বয়স্ক শিক্ষার্থীদের কে বাংলা, অংক , ইংরেজী , আরবী , নৈতিকতা ও মূল্যবোধ সহ বিভিন্ন বিষয়ে শিক্ষা দান করছেন । দেশের প্রত্যন্ত অঞ্চলে সুবিধাবঞ্চিত স্থানে এ প্রকল্পের মাধ্যমে দেশে প্রাক-প্রাথমিক শিক্ষা বিস্তার ও কোর্স সম্পন্ন কারীদের প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির হার বৃদ্ধির ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হচ্ছে। সমাজের জনগণের মধ্যে পবিত্র কুরআনুল কারীমের বঙ্গানুবাদসহ ইসলামী পুস্তকের পাঠাভ্যাস গড়ে তোলা, নৈতিক অবক্ষয় রোধ ইসলামের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে জ্ঞান আহরণ ও মূল্যবোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন মসজিদ পাঠাগার কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। উক্ত কার্যক্রমসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য সময়ে সময়ে বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে উক্ত কেন্দ্রসমূহ পরিদর্শন করা হয়।

**(১৩) মনিহারি দ্রব্যাদির ব্যাবহারে পরিমিতি প্রদর্শন করা**

**উত্তম চর্চার বিবরণঃ** মনিহারি দ্রব্যাদির পরিমিত ব্যাবহার উত্তম চর্চার অন্যতম অংশ। মনিহারি দ্রব্যাদি যেমন পেজ, কলম, পেন্সিল, স্ট্যাপলার মেশিন, ফাইল কভারসমূহ ইত্যাদি পরিমিত ব্যাবহার করা এবং কোনো দ্রব্যাদি যেন অপচয় না হয় সে দিকে খেয়াল রাখার জন্য সকল কর্মকর্তা-কর্মচারীকে উদ্বুদ্ধ করা হয়।

**(১৪) অফিসের নিরাপত্তা নিশ্চিতকরণে সিসি ক্যামেরা স্থাপন**

**উত্তম চর্চার বিবরণঃ** অফিসে সার্বক্ষণিক নজরদারী নিশ্চিতকরণের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন কমপ্লেক্স-এ সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। এর ফলে কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটলে ভিডিও ফুটেজ দেখে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হচ্ছে।

আনিস মাহমুদ
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

# বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়

**Office of the Administrator of Waqf, Bangladesh.**

৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০ 4 new eskaton road.Dhaka.

ফোন : ৪৯৩৫৭৬৮২, ফ্যাক্স # ৯৩৫৭১৭৫, ই-মেইল # Waqf.gov.bd@gmail.com Website : www.waqf.gov.bd


---

স্মারক নং: ১৬.০২.০০০০.০০১.১৮.০১০.১৯/ ৯২ তারিখ: ২৭/১০/২০২০ খ্রিঃ

বিষয় : উত্তম চর্চার তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২০-১৮০, তারিখ-২১.১০.২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উত্তম চর্চা বিষয়ক তালিকা প্রণয়ন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ০১ (এক) পাতা।

২৫.১০.২০২০

এম, এম, তারিকুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ
ফোনঃ ৪৯৩৫৭৬৮২

২৫/১০/২০২০

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়

**Office of the Administrator of Waqf, Bangladesh.**

৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০ 4 new eskaton road.Dhaka.

ফোন : ৪৯৩৫৭৬৮২, ফ্যাক্স # ৯৩৫৭১৭৫, ই-মেইল # Waqf.gov.bd@gmail.com Website : www.waqf.gov.bd


## ওয়াক্ফ প্রশাসনে উত্তম চর্চার তালিকা:

১। মহামারী করোনা ভাইরাস (Covid-19) প্রতিরোধের লক্ষ্যে ওয়াক্ফ প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে এবং ওয়াক্ফ প্রশাসনে আগত সেবা গ্রহীতাদের মধ্যে বিনা মূল্যে মাস্ক বিতরণ করা;

২। বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা গ্রহণ করা;

৩। টবসহ চারাগাছের মাধ্যমে করিডোর সুসজ্জিত করা;

৪। সকল কর্মকর্তা/কর্মচারীদের সঠিক সময়ে উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে ডিজিটাল হাজিরার ব্যবস্থা গ্রহণ করা ;

৫। কারিগরি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা ;

৬। মহামারী করোনা ভাইরাস (Covid-19) প্রতিরোধে স্বাস্থ্যবিধি মানার লক্ষ্যে অনলাইনে সকল সভার কার্যক্রম পরিচালনা করা;

৭। বিদ্যুৎ অপচয় রোধে LED লাইট সংযোজন করা ;

৮। সেবা সহজিকরণের লক্ষ্যে ডিজিটাল ফ্রন্ট ডেস্ক তৈরি করা ;

৯। কাজের গতি বৃদ্ধির লক্ষ্যে ই-ফাইলিং এর ব্যবস্থা গ্রহণ করা ;

১০। সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ওয়াক্ফ এস্টেট তালিকাভূক্তির ফরম বিনামূল্যে বিতরণ করা।


Mohammed Rayhan Kaosar
(Deputy Secretary)
Asst Asministrator (Admin)
Office of the Administrator of Waqfs, Bangladesh
4, New Eskaton Road, Dhaka-1000

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অফিস
আশকোনা,বিমানবন্দর,ঢাকা ।

নং১৬.০৩.০০০০.০০১.০০২.৪৪.৭২- 296 তারিখ- ২৭.১০.২০২০-খ্রিঃ ।

বিষয় : উত্তম চর্চার তালিকা প্রেরণ ।
সূত্র : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং-১৬.০০.০০০০.০২০.০২.০০১.২০.১৮০,তাং- ২১.১০.২০২০ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে হজ অফিস,ঢাকার উত্তম চর্চার তালিকা প্রণয়নপূর্বক এতদসঙ্গে প্রেরণ করা হলো ।

27/10/2020
(মোঃ সাইফুল ইসলাম )
পরিচালক
হজ অফিস,ঢাকা
ফোন: ৪৮৯৫৮৪৯৬২।

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
( দৃঃ আঃ সহকারী সচিব(সংস্থা )
বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অফিস
আশকোনা,বিমানবন্দর,ঢাকা ।

উত্তম চর্চার তালিকা প্রেরণ :

| ক্রমিক নং | শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক | বর্ণনা | ফলাবর্তন |
|---|---|---|---|
| ০১. | কর্মস্থলে উপস্থিতি | যথাসময়ে অফিসে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর এবং যথারীতি (নির্ধারিত সময়ের পূর্বে নয় ) অফিস প্রস্থান নিশ্চিত । | শৃংখলা নিয়মানুবর্তিতা ও কর্মস্থলের প্রতি মনযোগ বৃদ্ধি পাবে। |
| ০২. | দাপ্তরিক দায়িত্ব পালন | চলমান আইন ও বিধি বিধানের আলোকে ন্যায় নীতি এবং সততা,নিষ্ঠা,আন্তরিকতা ও যথাযথভাবে প্রদত্ত দায়িত্ব পালন । | প্রশাসনিক শৃংখলা ও কর্মদক্ষতা বৃদ্ধি পাবে । |
| ০৩. | প্রতিশ্রুতি সেবা প্রদান | সিটিজেন চার্টার ও ক্যালেন্ডার অনুযায়ী সৌদি সরকারের সঙ্গে সম্পাদিত ১,২৭,১৯৮ জন হজযাত্রীর প্রাক-নিবন্ধন, নিবন্ধন,ওয়েব সাইটে হজযাত্রীদের তালিকা প্রকাশ,সৌদি আরবে বাড়ীভাড়াসহ আনুষাংগিক কার্যাদি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে হজযাত্রী প্রেরণ নিশ্চিত করা । | নির্ধারিত সময়ের মধ্যে হজযাত্রীদের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে হজে প্রেরণ । |

২৭/১০/২০২০

মোঃ সাইফুল ইসলাম
(যুগ্মসচিব)
পরিচালক
হজ অফিস, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
১/আই, পরিবাগ, ঢাকা
www.hindutrust.gov.bd

স্মারক নম্বর: ১৬.০৫.০০০০.০০৫.১৮.৬৪১.১৮.৬৬

তারিখ: ১২ কার্তিক ১৪২৭
২৮ অক্টোবর ২০২০

বিষয়: **উত্তম চর্চা বিষয়ক তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।**

সূত্র: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২০-১৮০, তারিখ: ২১.১০.২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের উত্তম চর্চা সম্পর্কিত তথ্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে প্রদান করা হল-

উত্তম চর্চার তালিকা

| ক্রমিক | ক্ষেত্র | কর্মকান্ড |
|---|---|---|
| ০১ | নিয়মানুবর্তিতা | নির্দিষ্ট সময়ে অফিসে আসুন এবং যথাসময়ে অফিস ত্যাগ করুন। |
| | | জরুরী কারণে অফিস ত্যাগ করার আগে উর্ধ্বতনকে অবহিত করুন। |
| ০২ | নৈতিকতার | অন্যকে সম্মান করুন, নিজে সম্মানিত হউন।<br>ঘুষ দেয়া অথবা নেয়া দুটোই অপরাধ, ঘুষ গ্রহণ থেকে বিরত থাকুন। |
| ০৩ | পরিষ্কার পরিচ্ছন্নতায় | অফিস প্রবেশ করে প্রথমে হাত ধৌত করুন।<br>অফিসে অন্যের সামনে অবস্থানকালীন সর্বদা মাস্ক পরিধান করুন।<br>ময়লা আবর্জনা ডাস্টবিনে নিজে ফেলুন এবং অন্যকে ফেলতে উৎসাহিত করুন। |
| | | বাথরুম ব্যবহারের পর ভাল করে ফ্লাস করুন/বেশি করে পানি নিজে দিন অন্যকেও উৎসাহিত করুন। । |
| ০৪ | কর্ম পরিবেশ উন্নয়নে | আপনার দিনের কাজ দিনে করুন। |
| | | সেবা গ্রহীতার সাথে আপনার বক্তব্য স্পষ্ট সংক্ষিপ্ত রাখুন। |
| | | অফিসে উচ্চস্বরে কথা বলা থেকে বিরত থাকুন। |
| | | আপনার বক্তব্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নিকট বলুন। |
| | | কোনো অভিযোগ/পরামর্শ থাকলে নির্দিষ্ট বক্সে ফেলুন। |
| ০৫ | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয় | অফিস ত্যাগের পূর্বে আপনার কর্মক্ষেত্রের লাইট ও ফ্যানের সুইচ বন্ধ করুন। |

বিষ্ণু কুমার সরকার
(বিষ্ণু কুমার সরকার)
২৮-১০-২০২০
বিষ্ণু কুমার সরকার
সচিব
ফোন: ০২৯৬৭৭৪৪৯

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৬.০৫.০০০০.০০৫.১৮.৬৪১.১৮.৬৬/১(২)

তারিখ: ১২ কার্তিক ১৪২৭
২৮ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সহকারী সচিব, সংস্কার শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | | [২.৬.২] সরকারি ব্যবস্থাপনায় অভিযোগ নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | | ১০০ | ১০০ |
| | | [২.৭] সৌদি আরবে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের এজেন্সি কর্তৃক ভাড়াকৃত বাসস্থান দৈবচয়ন ভিত্তিতে পরিদর্শন ও ব্যবস্থা গ্রহণ | [২.৭.১] পরিদর্শন ও ব্যবস্থা গ্রহণকৃত বাসস্থান | সমষ্টি | (সংখ্যা) | ২ | ৩০০ | ৩২০ | ৩৫০ | ৩৪০ | ৩৩০ | ৩২০ | | ৩৬৫ | ৩৮০ |
| | | [২.৮] হজযাত্রী ও সংশ্লিষ্ট অংশীজনদের (স্টেকহোল্ডার) প্রশিক্ষণ প্রদান | [২.৮.১] হজ সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের অংশীজনদের (স্টেকহোল্ডার) প্রশিক্ষণ প্রদান | সমষ্টি | % | ১ | ৭০ | ৭৫ | ৭৫ | ৭২ | ৭০ | ৬৮ | | ৭৬ | ৭৭ |
| | | | [২.৮.২] প্রশিক্ষণ প্রাপ্ত হজযাত্রী ও হজ গাইড | সমষ্টি | % | ১ | ৫০ | ৫০ | ৫০ | ৪৮ | ৪৫ | ৪২ | | ৫৫ | ৬০ |
| [৩] ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন | ১৯ | [৩.১] ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান | [৩.১.১] মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | সমষ্টি | % | ৩ | ৯৬ | ৯৭ | ৯৭ | ৯৫ | ৯৩ | ৯১ | | ৯৮ | ৯৯ |
| | | | [৩.১.২] হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | সমষ্টি | % | ১ | ৯৩ | ৯৪ | ৯৪ | ৯২ | ৯০ | ৮৮ | | ৯৫ | ৯৬ |
| | | | [৩.১.৩] বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | সমষ্টি | % | ১ | ৯১ | ৯২ | ৯২ | ৯০ | ৮৮ | ৮৬ | | ৯৩ | ৯৪ |
| | | | [৩.১.৪] খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | সমষ্টি | % | ১ | ৯২ | ৯৩ | ৯৩ | ৯১ | ৮৯ | ৮৭ | | ৯৪ | ৯৫ |
| | | [৩.২] ওয়াকফ এস্টেট চিহ্নিত ও তালিকাভুক্তকরণ | [৩.২.১] চিহ্নিত ও তালিকাভুক্ত ওয়াকফ এস্টেট | সমষ্টি | % | ২ | ৮০ | ৮০ | ৭৫ | ৭২ | ৭০ | ৬৮ | | ৭৬ | ৭৭ |
| | | [৩.৩] ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনা | [৩.৩.১] ওয়াকফ সম্পত্তি হতে প্রাপ্ত চাঁদা | ক্রমপুঞ্জিভূত | টাকা (লক্ষ) | ২ | ৬৩৫.০০ | ৬৭০.০০ | ৬৭০.০০ | ৬৬০.০০ | ৬৫০.০০ | ৬৪০.০০ | | ৬৮০.০০ | ৬৯০.০০ |

২) প্রশাসনিক কর্মকর্তা, সংস্কার শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বিষ্ণু কুমার সরকার
২৮-১০-২০২০
বিষ্ণু কুমার সরকার
সচিব

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | | [১.৯.২] অনুষ্ঠিত আন্তঃধর্মীয় সংলাপ | সমষ্টি | সংখ্যা | ২ | ৮ | ১২ | ১২ | ১০ | ৮ | ৬ | | ১৪ | ১৬ |
| | | | [১.৯.৩] মুদ্রণ ও প্রচারকৃত পুস্তিকা, লিফলেট | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ১ | ৩.০০ | ১.৫ | ১.৫ | ১.৪০ | ১.৩০ | ১.২০ | | ১.৬ | ১.৭ |
| | | [১.১০] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ফ্রি চিকিৎসা সেবা | [১.১০.১] উপকারভোগী | সমষ্টি | সংখ্যা (হাজার) | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | [১.১১] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বৃক্ষরোপন | [১.১১.১] রোপনকৃত গাছের চারা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ১ | | | ২.০০ | ১.৮০ | ১.৫০ | ১.২০ | | | |
| [২] হজ ব্যবস্থাপনার উন্নয়ন | ২২ | [২.১] হজযাত্রীদের প্রাক নিবন্ধন | [২.১.১] প্রাক নিবন্ধিত হজযাত্রী | গড় | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | | ১০০ | ১০০ |
| | | [২.২] হজ প্যাকেজ ঘোষণা | [২.২.১] হজ প্যাকেজ ঘোষিত | তারিখ | তারিখ | ২ | ১৪.০২.১৯ | ১৩.০২.২০ | ১০.০২.২১ | ১৭.০২.২১ | ১৪.০২.২১ | ০৩.০৩.২১ | | ০৯.০২.২২ | ০৮.০২.২৩ |
| | | [২.৩] নিবন্ধিত হজযাত্রীদের সফলভাবে হজে প্রেরণ | [২.৩.১] হজে প্রেরিত | সমষ্টি | % | ৪ | ৯৭ | ৯৮ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | | ৯৯ | ১০০ |
| | | [২.৪] হজ নির্দেশিকাসহ বিভিন্ন উপকরণ সরবরাহ | [২.৪.১] উপকরণ সরবরাহকৃত | সমষ্টি | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | | ১০০ | ১০০ |
| | | [২.৫] অসুস্থ হজযাত্রীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান | [২.৫.১] অসুস্থ হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদত্ত | সমষ্টি | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | | ১০০ | ১০০ |
| | | [২.৬] হজ বিষয়ক অভিযোগ নিষ্পত্তি | [২.৬.১] বেসরকারি ব্যবস্থাপনায় অভিযোগ নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | ৯৩ | ৯৪ | ৯৪ | ৯২ | ৯০ | ৮৮ | | ৯৫ | ৯৬ |

# বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
*www.brwt.gov.bd*

স্মারক নং : ১৬.০৬.০০০০.০০০.০০.০১০.২০.২৭১

৯ কার্তিক ১৪২৭ বঃ
তারিখ : ----------------
২৫. ১০. ২০২০খ্রিঃ

বিষয় : উত্তম চর্চার তালিকা প্রেরণ প্রসঙ্গে।
সূত্র : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-১৬.০০.০০০০.০২০.০২.০০১.২০.১৮০, তারিখ : ২১.১০.২০২০খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের উত্তম চর্চা বিষয়ক তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো ।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ( ১ ফর্দ)।

২৫/১০/২০২০
(জয়দত্ত বড়ুয়া)
সচিব
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ফোন - ৭২৭২৬৪৭

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: মহ: আব্দুর রশিদ মোল্লাহ, সহকারী সচিব (সংস্কার শাখা), ধবিম (জ্ঞাতার্থে ও কার্যার্থে)।

# বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

### উত্তম চর্চার তালিকা

| ক্রমিক নং | শুদ্ধাচার/ উত্তম চর্চা বিষয় | বর্ণনা | ফলাবর্তন |
|---|---|---|---|
| ১. | কর্মস্থলে উপস্থিতি | যথাসময়ে অফিসে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর এবং যথারীতি (নির্ধারিত সময়ের পূর্বে নয় ) অফিস প্রস্থান নিশ্চিত। | দাপ্তরিক শৃংঙ্খলা নিয়মানুবর্তিতা ও কর্মস্থলের প্রতি মনযোগ বৃদ্ধি পাবে। |
| ২. | দাপ্তরিক দায়িত্ব পালন | চলমান আইন ও বিধি বিধান ও ন্যায় নীতির আলোকে সততা, নিষ্ঠা, আন্তরিকতা ও যথাযথভাবে প্রদত্ত দায়িত্ব পালন। | প্রশাসনিক শৃংঙ্খলা ও কর্মদক্ষতার উন্নয়ন হবে। |
| ৩. | ক্রয় সংক্রান্ত | পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করে ট্রাস্টের তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের কার্যক্রম সম্পাদন। | ক্রয়ক্ষেত্রে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। |
| ৪. | হিসাব | মাসিক আয় ব্যয়ের হিসাব সহায়তা নিয়ে সম্পাদন ও মাসিক সভায় উপস্থাপন। | আয় ব্যয়ের স্বচ্ছতা ও জবাব দিহিতা বৃদ্ধি পাবে। |
| ৫. | প্রতিশ্রুতি সেবা প্রদান | সিটিজেন চার্টাড অনুসারে উত্তম সেবা নিশ্চিত। | সেবা গ্রহিতাগণ (T.C.V) স্বল্প সময়ে স্বল্প খরচে যথাসময়ে সেবা পাবে। |

Barua
২৫/১০/২০২০
(জয়দত্ত বড়ুয়া)
সচিব
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

# খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

১২৮/৪, পূর্ব তেজতুরীবাজার (২য় তলা), কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
ফোন: ৪৮১১৯২৩৮, ফ্যাক্স: ৯১০৪৭১৫, ই-মেইল: crwt09@yahoo.com, Web: www.crwt.gov.bd

স্মারক নং: ১৬.০৭.০০০০.০০০.০০.৪৮.২০২০-৯৯০ তারিখ: ২৫অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়: উত্তম চর্চা বিষয়ক তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ প্রসঙ্গে।**

**দৃষ্টি আকর্ষণ: জনাব মহঃ অব্দুর রশিদ মোল্লাহ, সহকারী সচিব, সংস্কার শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

উপর্যুক্ত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২০-১৮০ তাং-২১.১০.২০২০ খ্রিস্টাব্দ মোতাবেক খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের উত্তম চর্চার বিষয়ে তালিকা প্রণয়ন করে নিম্নে প্রেরণ করা হল:-

১. অফিসের দৈনন্দিন কার্যক্রমসমূহ নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে পরিচালিত হচ্ছে।

২. কর্মকর্তা/কর্মচারীগণ নিয়মিত যথাসময়ে অফিসে উপস্থিত হন।

৩. অফিসের চিঠিপত্রের প্রাপ্তি ও প্রেরণ রেকর্ড যথাযথভাবে সংরক্ষণকরা হচ্ছে।

৪. চাহিদামোতাবেক চিঠি পত্রের জবাব/উত্তর যথাসময়ে প্রদান করা হচ্ছে।

৫. আয়-ব্যয়বাজেট অনুযায়ী অফিসের দৈনন্দিন খরচের হিসাব যথাযথ ভাবে সংরক্ষণ ও হিসাবভুক্ত করা হচ্ছে।

৬. অনুদান প্রাপ্তির আবেদন ফরম ওয়েবসাইটে দেয়া হয়েছে। দেশের যেকোন স্থান থেকে ডাউনলোড করে তা পূরণপূর্বক আবেদনকারীগণ আবেদন করতে পারছেন।

৭. এখন স্টেকহোল্ডার/সেবাগ্রহীতাগণ অপেক্ষাকৃত কম খরচে, কম সময়ে এবং কম সাক্ষাতেই সেবা গ্রহণ করতে পারছেন।

নির্মল রোজারিও
সচিব
মোবাইল: ০১৭১৫০৩০৯৮৯
ফোন: ৯১১৪২৯৬,ফ্যাক্স : ৯১০৪৭১৫
E-mail: crwt09@yahoo.com

সচিব মহোদয়
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।